যুগান্তর

তারিখ : 31 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# বরিশাল বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ কমেছে

প্রাচুর্য রানা, *বরিশাল ব্যুরো*

বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা দুটোই কমেছে। বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষায় এবারে পাসের হার ৮৪.৩৭ ভাগ। গতবারের চেয়ে যা ৬.২৯ ভাগ কম। গত বছর এ হার ছিল ৯০.৬৬ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ১৭১ জন। গতবার এ সংখ্যা ছিল ৪ হাজার ৭৬২টি। অর্থাৎ ১ হাজার ৫৯১টি কম। বোর্ড কর্তৃপক্ষ দাবি করেন, হরতাল-অবরোধ আর গণিত বিষয়ে এবার প্রথম সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় পাসের হার কমেছে। এ বছর সাফল্য বলতে এ বোর্ডের অধীনে এবার শূন্য ভাগ পাস করা কোনো প্রতিষ্ঠান নেই। আর পাসের হারে ২০ ভাগের নিচে কোনো প্রতিষ্ঠান নেই। তবে বরাবরের মতো এবারও ছেলেদের চেয়ে মেয়েরা সবদিক থেকেই এগিয়ে রয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০টায় বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আলমগীর এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করেন। এ সময় প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, হরতাল-অবরোধের মধ্যে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। দফায় দফায় শিডিউল পরিবর্তনের কারণে পরীক্ষা সম্পন্ন করতে সময় লেগেছে ১৩ দিন বেশি। এতে করে পরীক্ষার্থীদের মনে বিরূপ প্রভাব পড়েছে। তাছাড়া এবার গণিতে প্রথমবারের মতো সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় ফল কিছুটা খারাপ হয়েছে। গতবারের চেয়ে গণিতে ৯.৬ ভাগ কমে এবার পাসের হার হয়েছে ৮৮.৪৬ ভাগ। শিক্ষা বোর্ড থেকে পাওয়া তথ্যানুযায়ী, এবার বরিশাল বোর্ডের অধীনে ১ হাজার ৩৪২টি বিদ্যালয় থেকে ৭০ হাজার ৮১৭ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ছাত্র ৩৫ হাজার ২২৭ এবং ছাত্রীর সংখ্যা ৩৫ হাজার ২২৯ জন। পাসের হারের ক্ষেত্রে ৮৪.৮৪ ভাগ ছাত্রী এবং ৮৩.৯০ ভাগ ছাত্র পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬২৫ ছাত্রী এবং ১ হাজার ৫৪৬ জন ছাত্র। গত বছর ৭০ হাজার ৪৩৩ শিক্ষার্থীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছিল ৭০ হাজার ৯২ জন। যার মধ্যে উত্তীর্ণ হয় ৬৩ হাজার ৫৪৩ জন। এর মধ্যে ছাত্র ৩১ হাজার ৮৬১ জন এবং ছাত্রী ৩১ হাজার ৬৮২ জন। ছেলেদের পাসের হার ছিল ৯০.৯৭ এবং মেয়েদের পাসের হার ছিল ৯০.৩৪ ভাগ। জিপিএ-৫ প্রাপ্তিতে গত বছরও মেয়েরা ছিল এগিয়ে। গত বছর জিপিএ-৫প্রাপ্তদের মধ্যে ছিল ২ হাজার ৩৩৮ জন ছাত্র এবং ২ হাজার ৪২৪ জন ছাত্রী। মোট ২৪ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। যার মধ্যে ১২ জন করে ছাত্রছাত্রী রয়েছে। গত বছর ৫৩ জন বহিষ্কার হলেও এর মধ্যে ৪৭ জনই ছিল ছাত্র। আর ছাত্রী ছিল মাত্র ছয়জন। বিজ্ঞান বিভাগে ১৭ হাজার ৩৬২ জন শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ১৬ হাজার ৩৭১ জন। পাসের হার ৯৪.৫৮ ভাগ। এ বিভাগে উত্তীর্ণদের মধ্যে ছাত্র ৯ হাজার ২৪৮ জন এবং ছাত্রী ৭ হাজার ১২৩ জন। তবে পাসের হারে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে রয়েছে।